

# সংস্কার কার্যক্রমসমূহ



## সংস্কার কার্যক্রমসমূহ

আর্থিক ব্যবস্থাপনার সংস্কার প্রক্রিয়া অব্যাহত রাখা, মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতিকে পূর্ণাঙ্গ রূপ দেয়া এবং সরকারি আর্থিক ব্যবস্থাপনার অগ্রাধিকার প্রাপ্ত সংস্কার কাজগুলো সম্পন্ন করার লক্ষ্যে ২০১৬-১৭ অর্থবছরে গৃহীত, সম্পাদিত ও চলমান কার্যক্রম সমূহ নিম্নরূপ:

- ▶ Integrated Budget and Accounting System (iBAS)-এর আধুনিকায়নের মাধ্যমে iBAS++ সিস্টেম প্রণয়নের কাজ চলছে। ইতোমধ্যে iBAS++এর বাজেট প্রণয়ন মডিউল প্রণীত হয়েছে এবং এর আওতায় ২০১৫-১৬ হতে ২০১৭-১৮ অর্থবছরের বাজেট প্রণয়ন করা হয়েছে। সকল মন্ত্রণালয় ও অধিদপ্তরের বাজেট প্রণয়নের কাজ iBAS++এর মাধ্যমে সম্পন্ন হচ্ছে। বর্তমানে বাজেট প্রণয়নের এই মডিউলটি জেলা-উপজেলা পর্যায়ে সম্প্রসারণের কাজ চলছে।
- ▶ বাজেট বাস্তবায়ন কাজটি অধিকতর দক্ষতার সাথে সম্পন্ন করার লক্ষ্যে ২০১৬-১৭ অর্থবছরে সকল মন্ত্রণালয়/বিভাগে বাজেট বাস্তবায়ন মডিউল চালু করা হয়েছে। ২০১৭-১৮ অর্থবছর হতে দেশের সকল জেলা-উপজেলায় বাজেট বাস্তবায়ন মডিউল চালু করা হবে। সেই সাথে ‘বাজেট কন্ট্রোল অপশন’ চালু করে ব্যয় নিয়ন্ত্রণ করা হবে। এছাড়া iBAS++ এর হিসাবরক্ষণ মডিউল ও জেনারেল লেজার মডিউলের কাজ সমাপ্ত হয়েছে। বর্তমানে দেশের হিসাবরক্ষণ কর্মকর্তা কার্যালয়ে iBAS++ সিস্টেম চালু করা হয়েছে।
- ▶ নতুন বাজেট ও শ্রেণিবিন্যাস পদ্ধতি প্রণয়ন করা হয়েছে। ২০১৮-১৯ অর্থবছরে হতে বিদ্যমান ১৩ ডিজিট হিসাব কোডের পরিবর্তে ৩৫ ডিজিট বাজেট হিসাব ও শ্রেণিবিন্যাস পদ্ধতি চালু করা হবে। এতে হিসাব পদ্ধতি আন্তর্জাতিক মানে উন্নীত হবে।
- ▶ রাজশাহী বিভাগের সকল গেজেটেড কর্মকর্তাগণের Online Pay Bill Submission কার্যক্রম সম্পন্ন হয়েছে। আগামী সেপ্টেম্বর, ২০১৭ এর মধ্যে ঢাকা ও ময়মনসিংহ বিভাগের সকল কর্মকর্তার Online Pay Bill Submission সম্পন্নকরণের জন্য লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।
- ▶ সরকারি কর্মচারীগণের পেনশন ডাটাবেইজ সম্পন্ন করা হয়েছে। প্রায় ৬ লক্ষ ৫০ হাজার পেনশনভোগীর তথ্য ডাটাবেইজে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং এসব পেনশনভোগীদের মাসিক পেনশন অনলাইন ভিত্তিক পেমেন্ট সিস্টেম Electronic Fund Transfer (EFT) এর মাধ্যমে পরিশোধ করা হবে।
- ▶ প্রায় ১১ লক্ষ ৫০ হাজার সরকারি কর্মচারির অনলাইন ডাটাবেইজ সম্পন্ন হওয়ায় তাদের বেতন ভাতা বাবদ বাজেট প্রণয়ন, অবসর গ্রহণের তথ্য এবং EFT এর মাধ্যমে বেতন পরিশোধের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।
- ▶ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগীয় ৭টি Self-Accounting Entity (SAE)-তে গুলোকে বাজেটের হিসাবরক্ষণ মডিউল চালু করার কার্যক্রম হাতে নেয়া হয়েছে, এসব SAE-তে Online Electronic Pay Advice সিস্টেম চালু করা হবে যা বিল প্রদানের ক্ষেত্রে অধিকতর স্বচ্ছতা নিশ্চিত করবে।

